

আপনি কতটা উপস্থিত বুদ্ধি রাখেন

চারটি প্রশ্নের উত্তর
দিয়ে নিজেই
নিজের বুদ্ধি যাচাই
করুন। অতি দ্রুত
উত্তর দেয়ার চেষ্টা
করুন। বিষয়টি

খেলা
হিসেবে
নি।
বুদ্ধির
খেলা।
এর জন্য
পেন্সিল বা
কাগজের
প্রয়োজন
নেই...

প্রথম প্রশ্ন : দৌড়ে দ্বিতীয় ব্যক্তিকে
অতিক্রম করলেন, এখন আপনার অবস্থান
কি?

উত্তর : যদি আপনার উত্তর প্রথম হয়
তবে ভুল করছেন। আপনি তো দ্বিতীয়
ব্যক্তিকে অতিক্রম করে তার অবস্থান দখল
করেছেন। সুতরাং আপনার উত্তর হওয়া
উচিত ছিল দ্বিতীয়।

প্রথম প্রশ্নে তবু কিছুটা সময় ক্ষেপণ করা
যায়, কিন্তু দ্বিতীয় প্রশ্নে একদমই সময় দেয়া
যাবে না। পরের প্রশ্ন।

প্রস্তুত?

দ্বিতীয় প্রশ্ন : ঐ দৌড়ে যদি শেষের
ব্যক্তিটিকে অতিক্রম করেন তবে আপনার
অবস্থান কততম?

উত্তর : আপনার উত্তর যদি হয় 'শেষের
আগের জন' তবে আপনি আবারও ভুল
করছেন। শেষের ব্যক্তিকে আপনি কি করে
অতিক্রম করেন? সে ব্যক্তি তো স্বয়ং
আপনি। নিজেই নিজেকে অতিক্রম?

তৃতীয় প্রশ্ন : এটা অঙ্কের খাঁধা। কাগজ-
কলম বা ক্যালকুলেটরের সাহায্য নেয়া যাবে
না। শ্রেফ মাথা ঘামিয়ে করে ফেলুন এবং
দ্রুত এখনই ১০০০-এর সঙ্গে ৪০ যোগ দিন
এবং আরো ১০০০ যোগ করুন। এবার ৩০
যোগ করুন, আরো ১০০০ যোগ করুন এবং
এর সঙ্গে ২০ যোগ দিন। এবার আরো
১০০০ যোগ করুন। এই মোটের সঙ্গে
আরো ১০ যুক্ত করুন।

সর্বমোট কত হলো?

উত্তর : আপনার উত্তর কি ৫০০০? তবে
আবার ভুল সঠিক উত্তর হলো ৪১০০।

কি বিশ্বাস হচ্ছে না? তাহলে কি আর করা,
ক্যালকুলেটরের সাহায্য নি। মনে হচ্ছে দিনটা
আপনার শুভ যাচ্ছে না। ঠিক আছে, চিন্তিত
হবার কিছু নেই। পরের প্রশ্নটা চেষ্টা করুন।
পেরেও যেতে পারেন সঠিক উত্তর।

শেষ প্রশ্ন : মেরির পিতার পাঁচ কন্যা।
একজন নানা আর একজন নিনি। তৃতীয়
জন নেনে চতুর্থ জন নোনো। বলতে হবে
পঞ্চম কন্যার নাম কি?

উত্তর : নিনা? নুনি? নানো? নোনো?

উইঁ। হচ্ছে না। পঞ্চম কন্যার নাম
অবশ্যই মেরি।

এই প্রশ্ন প্রশ্ন খেলাটা যারা মজা ও
প্রতিযোগিতা পছন্দ করেন তাদের জন্য।

ও.কে বেটার লাক নেস্ট টাইম।

যারা সঠিক উত্তর দিতে পারলেন না
তারা বিষয়গুলো নিয়ে আবার চিন্তা
করতে পারেন। তবুও পারছেন না, তবে
সত্যি সময়টা আপনার বাজে যাচ্ছে।

টিটো রহমান